

০৫

মন্ত্রিসভার বৈঠকে খসড়া শিক্ষানীতি নিয়ে আলোচনা

সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি ১৯৯৭-এর প্রতিবেদনের ভিত্তিতে প্রণীত খসড়া শিক্ষানীতি সম্পর্কে প্রাথমিক আলোচনা অনুষ্ঠিত হয়। খসড়া শিক্ষানীতির উপর মন্ত্রিসভা বৈঠকে আরও আলোচনা অব্যাহত থাকবে।

উল্লেখ্য, জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি ১৯৯৭-এর প্রতিবেদন ইতোমধ্যে প্রকাশিত হয়েছে এবং প্রতিবেদনের কপি সর্বসাধারণের জন্য জাতীয় শিক্ষা কার্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে পাওয়া যায়।

জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ বৈঠকে অংশগ্রহণ করেন। মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ও সংশ্লিষ্ট সচিবগণ বৈঠকে উপস্থিত ছিলেন। খবর সরকারি তথ্য বিবরণীর।